BENGALI EDITION
U.S. HISTORY AND GOVERNMENT
WEDNESDAY, JANUARY 22, 2025
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

REGENTS HIGH SCHOOL EXAMINATION

# মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস
# এবং সরকার

**বুধবার,** 22 জানুয়ারি, 2025 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________

স্কুলের নাম ______________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখুন। অংশ I এর জন্য একটি পৃথক উত্তরপত্র আপনাকে প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রোক্টরের দেওয়া নিদেশাবলী অনুসরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে।

আপনাকে এই পরীক্ষার **প্রত্যেকটি** অংশের **সব কটি** প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II, III A, এবং III B-এর উত্তর লেখার জন্য কালো বা গাঢ় নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহু-নির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** দু'টি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্ন আছে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 3 থেকে শুরু করে।

**অংশ III** বেশ কয়েকটি নথির উপর ভিত্তি করা:

**অংশ III A**-তে নথিগুলি আছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন। প্রতিটি নথির পরে একটি করে প্রশ্ন আছে।

এই পরীক্ষা পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III B**-তে একটি রচনা ধরনের প্রশ্ন থাকে যা নথিগুলির উপর ভিত্তি করে করা হয়। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 7 থেকে শুরু করে।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই উত্তরপত্রের শেষে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দ বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যেটি বিবৃতিটিকে সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 ও 2 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . এটি আদেশ দেওয়া হয়েছিল, বিবৃত ও ঘোষিত করা হয়েছিল যে বছরে দুইবার করে সাধারণ পরিষদ বা কোর্ট অনুষ্ঠিত করতে হবে, একটি হতে হবে এপ্রিলের দ্বিতীয় বৃহস্পতিবার আর অন্যটি সেই বছরের সেপ্টেম্বরের দ্বিতীয় বৃহস্পতিবার, প্রথমটিকে নির্বাচনের কোর্ট বলা হবে, পরিস্থিতির উপর ভিত্তি করে সময়ের সাথে-সাথে এর সময় পাল্টানো যেতে পারে, তাই বহু ম্যাজিস্ট্রেট ও অন্যান্য সরকারি অধিকর্তাদের এর জন্য অনুরোধ জানাতে দেখা গেছে [প্রয়োজনীয়]: এর মাধ্যমে ওই বছরের জন্য একজন গভর্নর বেছে নেওয়া হবে এবং অন্যজন মনোনীত থাকবেন এবং কোনো ম্যাজিস্ট্রেটকেই এক বছরের বেশি সময়ের জন্য রাখা হবে না: সকল ক্ষেত্রেই গভর্নর ছাড়াও ছয়জনকে বেছে নেওয়া হবে তাদেরকে ওই নির্দিষ্ট উদ্দেশ্যে রেকর্ড করার শপথ অনুযায়ী বেছে নেওয়া হবে ও নির্দিষ্ট আসনে বসানো হবে এবং এখানে উল্লেখিত আইন অনুযায়ী এবং 'রুল অভ দ্যা ওয়ার্ড অভ গড' মেনে প্রয়োজন অনুযায়ী তাদের কাছে বিচার প্রদান করার ক্ষমতা থাকবে; এই সিদ্ধান্ত সকলের মাধ্যমে নেওয়া হবে যারা ফ্রিম্যান হিসাবে স্বীকৃত এবং যারা বিশ্বস্ততার শপথ নিয়েছে এবং এই বিচার ব্যবস্থার সাথে তারা ওতপ্রোতভাবে যুক্ত, তারা যে শহরে বসবাস করে সেই শহরের বেশিরভাগ নাগরিকরা বা ওই নির্দিষ্ট সময়ে উপস্থিত ব্যক্তিদের বেশিরভাগ অংশ তাদেরকে স্বীকৃতি প্রদান করেছে। . . .

উৎস: কানেক্টিকাটের মৌলিক আদেশ (Fundamental Orders of Connecticut), অনুচ্ছেদ 1, 14 জানুয়ারি, 1639

1 কানেকটিকাটের মৌলিক আদেশ হলো ঔপনিবেশিক অগ্রগতির জন্য এটি করার প্রথম পদক্ষেপ

(1) প্রতিনিধিত্বমূলক সরকার
(2) আমেরিকার অধীনস্থ অঞ্চল
(3) বাক ও সংবাদপত্রের স্বাধীনতা
(4) দাসত্বের বিলুপ্তি

2 কানেকটিকাটের মৌলিক আদেশের সাথে কোন ঔপনিবেশিক অগ্রগতির সবথেকে বেশি সাদৃশ্য রয়েছে?

(1) মেরিল্যান্ড টলারেশন অ্যাক্ট
(2) ভার্জিনিয়া হাউস অফ বার্গেসেস
(3) 1763 সালের ঘোষণা
(4) স্ট্যাম্প অ্যাক্ট

ঘোষণার উপর করা 3 ও 4 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> যদিও এটি মনে হচ্ছে যে যুদ্ধ পরিস্থিতি তৈরি হয়েছে যার একদিকে রয়েছে অস্ট্রিয়া, পার্শিয়া, সার্দিনিয়া, গ্রেট ব্রিটেন এবং ইউনাইটেড নেদারল্যান্ড আর অন্যদিকে রয়েছে ফ্রান্স এবং মার্কিন যুক্তরাষ্ট্রের দায়িত্ব ও আগ্রহের মধ্যে রয়েছে যে তাদেরকে খুবই গুরুত্বের সাথে এবং ইতিবাচক বিশ্বাস শক্তিধর দেশগুলির সাথে বন্ধুত্বপূর্ণ ও পক্ষপাতহীন সম্পর্ক গড়ে তুলতে হবে;. . .

উৎস: রাষ্ট্রপতি জর্জ ওয়াশিংটন (George Washington), নিরপেক্ষতার ঘোষণাপত্র (Proclamation of Neutrality), 22 এপ্রিল, 1793

3 এই ঘোষণাটির প্রাথমিক উদ্দেশ্য কী ছিল?

(1) গ্রেট ব্রিটেনের মতো মার্কিন যুক্তরাষ্ট্রকে গড়ে তোলা
(2) ইউরোপে যুদ্ধ পরিস্থিতির মধ্যে একটি শান্তির প্রস্তাব তুলে ধরা
(3) গ্রেট ব্রিটেন ও ফ্রান্সের মধ্যে চলা যুদ্ধে সংযুক্ত হয়ে পড়া এড়ানো
(4) ল্যাটিন আমেরিকায় থাকা ফ্রান্সের উপনিবেশগুলির বিভিন্ন বিষয় থেকে দূরে থাকা

4 পরবর্তীতে মার্কিন যুক্তরাষ্ট্রে লাগু করা কোন বৈদেশিক নীতিটি এই ঘোষণায় উল্লেখিত ধারণার সাথে সবথেকে বেশি সমঞ্জস্যপূর্ণ?

(1) মনরোর তত্ত্ব (Monroe Doctrine) ঘোষণা করা
(2) গুয়াদালুপে হিডালগো চুক্তি (Treaty of Guadalupe Hidalgo) সংশোধন করা
(3) ফিলিপাইনের সংযুক্তিকরণ
(4) ক্যাম্প ডেভিড চুক্তি (Camp David Accords) স্বাক্ষর করা

---

5 ও 6 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . এই ফলাফল থেকে এতে উপনীত হওয়া যাচ্ছে যে ট্যাক্স এর মাধ্যমে বা অন্য কোনো উপায়ে কংগ্রেস কর্তৃক আরোপিত সাংবিধানিক আইনসমূহকে প্রশমিত করা [ধীর করা], ব্যাহত করা, দায়িত্ব পালন করা বা অন্য কোন উপায়ে কার্যক্রম নিয়ন্ত্রণ করার ক্ষমতা স্টেটের কাছে নেই যার মাধ্যমে সাধারণ সরকারের উপর কোনো ক্ষমতা আরোপ করা যায়। আমাদের মনে হয় এটি হলো সর্বোত্তম ক্ষমতার অনিবার্য পরিণতি যা সংবিধানে উল্লেখিত রয়েছে। আমরা সর্বসম্মতভাবে একমত যে মেরিল্যান্ডের আইনসভা যে আইন পাস করে মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যাংকগুলির ওপর যে ট্যাক্স আরোপ করেছে তা অসংবিধানিক ও অকার্যকরী. . . .

উৎস: *ম্যাককুলোচ (McCulloch)* বনাম *মেরিল্যান্ড (Maryland)*, 1819

5 *ম্যাককুলোচ* (*McCulloch*) বনাম *মেরিল্যান্ড* (*Maryland*) (1819) সিদ্ধান্তের তাৎপর্যপূর্ণ প্রভাব কী ছিল?

(1) এটি এই সিদ্ধান্ত প্রতিষ্ঠিত করে যে ফেডারেল আইনগুলি পরিবর্তন করার ক্ষমতা স্টেটের হাতে থাকতে হবে।
(2) এটি থেকে সিদ্ধান্ত নেওয়া হয় যে ন্যাশনাল ব্যাংক তৈরি করা সংবিধান সম্মত ছিল।
(3) এটিতে উল্লেখ করা হয়েছিল যে সংবিধান মেনে যে দ্বিকক্ষবিশিষ্ট আইনসভা গড়ে তোলা হয়েছিল তা অবৈধ ছিল।
(4) এটি এই ইউনিয়নে নতুন স্টেট যুক্ত করার ক্ষেত্রে কংগ্রেসের ক্ষমতাকে সীমিত করেছিল।

6 এই বিবৃতিতে উল্লিখিত সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত কোন নীতির উদাহরণ দিচ্ছে?

(1) প্রজাতান্ত্রিক সরকার
(2) জনপ্রিয় সার্বভৌমত্ত্ব
(3) গোষ্ঠীতন্ত্র
(4) ফেডারেলের আধিপত্য

7 এবং 8 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া চিঠি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

> . . .এই চুক্তিটি [লুইসিয়ানা ক্রয়] অবশ্যই উভয় হাউসের সামনে উপস্থাপিত করতে হবে কারণ এটির নিরিখে দুইটিরই গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমি মনে করি, তারা তাদের দেশের প্রতি তাদের দায়িত্ব পালন করবে এবং এর জন্য অর্থ প্রদান করবে, যাতে তারা ভালো কিছু অর্জন করতে পারে অন্যথায় এটি হয়তো আর কখনো তাদের ক্ষমতার মধ্যে আসবে না। কিন্তু আমার মনে হয় তারপরও তাদের অবশ্যই সংবিধানের একটি অতিরিক্ত আর্টিকেল অনুমোদন করার জন্য *রাষ্ট্রের* কাছে আপিল করা উচিৎ এবং এমন একটি আইন জারি করা উচিৎ যা এই রাষ্ট্র আগে কখনো অনুমোদন করেনি। সংবিধানে বিদেশী অঞ্চল আমাদের দখলে রাখার বিষয়ে কোনো বিধান নেই, তবুও এটি আমাদের ইউনিয়নে বিদেশী রাষ্ট্রের অন্তর্ভুক্তিকরণের জন্য যথেষ্ট নয়. . . .

উৎস: থমাস জেফারসন (Thomas Jefferson), জন ব্রেকিনরিজ (John Breckinridge)-এর উদ্দেশ্যে পত্র (letter), 12 আগস্ট, 1803 (অভিযোজিত)

7 এই পত্রের মাধ্যমে সংবিধানের সম্পর্কে করা কোন দাবিটি সব থেকে ভালোভাবে সমর্থিত হচ্ছে?

(1) এটিতে নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি যে কীভাবে বিদেশী অঞ্চলের সংযুক্তি ঘটানো যায়।
(2) এটি কেনার ক্ষেত্রে সেনেটকে অর্থ প্রদান করতে হবে।
(3) সংবিধানে কোনো আর্টিকেল সংযুক্ত করতে গেলে, রাষ্ট্রপতির অনুমতি নেওয়া প্রয়োজন।
(4) সুপ্রিম কোর্টকে সকল চুক্তির পর্যালোচনা করতে হবে।

8 রাষ্ট্রপতি টমাস জেফারসন (Thomas Jefferson)-এর লুইসিয়ানা টেরিটরি কেনার অন্যতম উদ্দেশ্য ছিল যে এটি

(1) দক্ষিণের ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রের বিকাশ ঘটাবে
(2) ক্যারিবিয়ান বাণিজ্যের ওপর নিয়ন্ত্রণ বিস্তৃত করতে একটি বেস স্থাপন করা
(3) মার্কিন যুক্তরাষ্ট্রের ক্রীতদাস বাণিজ্য বিস্তৃত করতে সাহায্য করা
(4) মিসিসিপি নদীর উপর মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পূর্ণ নিয়ন্ত্রণ গড়ে তোলা

9 এবং 10 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া চিঠি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

. . . এই নীতি অনুযায়ী আমাকে "অনুসরণ করা হচ্ছে বলে মনে হচ্ছে" এবং আপনি বললেন আমার কারোর মনে জিজ্ঞাস্য রেখে যাওয়ার মত কাজ করিনি।

আমাকে এই ইউনিয়নকে রক্ষা করতে হবে। আমাকে এই সংবিধান মেনে খুবই সংক্ষিপ্তভাবে এটির রক্ষা করতে হবে। যত তাড়াতাড়ি সম্ভব জাতীয় কর্তৃপক্ষের স্থিতি পুনরুদ্ধার হবে, তত তাড়াতাড়ি এই ইউনিয়ন "তার পূর্বের রূপে ফিরে আসবে"। যদি এমন কেউ থাকেন যিনি এই ইউনিয়নকে রক্ষা করতে চান না তারা এর মাধ্যমে দাসত্ব *বজায়* রাখাতে সমর্থন জানাচ্ছেন, আমি তাদের সাথে সহমত নই। যদি এমন কেউ থাকে যারা ইউনিয়নকে রক্ষা করতে চায়, কিন্তু একই সময়ে দাসত্ব *ধ্বংস* করতে না পারে, তবে আমি তাদের সাথে একমত নই। এই সংগ্রামে আমার চরম উদ্দেশ্য *হলো* এই ইউনিয়নের রক্ষা এবং দাসত্বের রক্ষা বা তার বিনাশ এটির লক্ষ্য *নয়*৷ যদি *কোনো* দাসকে মুক্ত না করে আমি এই ইউনিয়নকে সুরক্ষিত রাখতে পারি, তাহলে আমি তাই করবো এবং এর সুরক্ষা করার জন্য আমাকে যদি *সকল* দাসদের মুক্ত করে দিতে হয় তাহলেও আমি সেটি করবো এবং এটিকে সুরক্ষিত রাখার জন্য আমাকে যদি কিছু সংখ্যক দাসদের মুক্ত করে দিতে হয় এবং অন্যদের একাকী ছেড়ে দিতে হয় তাহলে আমি তাই করবো। দাস হিসেবে থাকা এবং কৃষ্ণাঙ্গদের [আফ্রিকান আমেরিকান] জন্য আমার যা করণীয় তা আমি করবো কারণ আমি মনে করি এটি এই ইউনিয়নকে সুরক্ষা প্রদান করতে সাহায্য করবে এবং এর পরিণতি হিসেবে আমাকে যা সহ্য করতে হবে তা আমি করবো কারণ আমি এটা বিশ্বাস করি *না* যে তা এই ইউনিয়নকে রক্ষা করতে কোনোভাবে সাহায্য করবে. . . .

উৎস: রাষ্ট্রপতি আব্রাহাম লিঙ্কনের হোরেস গ্রিলির উদ্দেশ্যে পত্র (President Abraham Lincoln's letter to Horace Greeley), 22 আগস্ট, 1862

9 রাষ্ট্রপতি আব্রাহাম লিংকন (Abraham Lincoln)-এর আমেরিকার গৃহযুদ্ধে (Civil War) অংশগ্রহণ করার মূল উদ্দেশ্য ছিল


(1) উত্তরাংশের প্রভাব বিলুপ্ত করার কারণকে ত্বরান্বিত করা
(2) ইউনিয়নকে রক্ষা করা
(3) আফ্রিকান আমেরিকানদের থেকে ভোট নেওয়া
(4) কনফেডারেট অঞ্চলে দাস হয়ে থাকা আফ্রিকান আমেরিকানদের মুক্তি লাভ করানো

10 তার মূল উদ্দেশ্য অর্জন করার জন্য রাষ্ট্রপতি লিংকন (Lincoln) কোন পদক্ষেপটি গ্রহণ করেছিলেন?

(1) তিনি হোমস্টে অ্যাক্টে (Homestead Act) স্বাক্ষর করেছিলেন।
(2) তিনি একটি ফেডারেল খসড়া আইনের স্বপক্ষে ভোট দিয়েছিলেন
(3) তিনি মুক্তির ঘোষণা (Emancipation Proclamation) জারি করেছিলেন।
(4) প্রশান্ত মহাসাগরীয় রেলপথ আইন (Pacific Railway Act)-এর মাধ্যমে জমি অধিগ্রহণকে সমর্থন জানিয়েছিলেন

11 ও 12 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**“হিট হার্ডার থেয়োডরি!”**




উৎস: চার্লস গ্রিন বুশ, 7 আগস্ট, 1902, কংগ্রেসের গ্রন্থাগার (অভিযোজিত)

11 এই ব্যঙ্গচিত্র অঙ্কনকারীর দৃষ্টিভঙ্গি কোন বিবৃতিটির মাধ্যমে সব থেকে ভালোভাবে উপস্থাপিত করা যাচ্ছে?

(1) রাষ্ট্রপতি রুজ্‌ভেল্ট (Roosevelt) জাতীয় পার্কগুলিতে লগিং করাতে সমর্থন জানিয়েছিলেন।

(2) রাষ্ট্রপতি রুজ্‌ভেল্ট বৃহৎ ব্যবসার উপর নিয়ম জারি করার বিরোধীতা করেছিলেন

(3) রাষ্ট্রপতি রুজ্‌ভেল্ট নিয়ম জারি করার একচ্ছত্র ক্ষমতায় অ্যাটর্নি জেনারেলের অংশগ্রহণের বিরোধিতা করেছিলেন

(4) বিভিন্ন ট্রাস্টের ক্ষমতার সমাপ্তি ঘটানোর জন্য রাষ্ট্রপতি রুজ্‌ভেল্ট এর এই আইনের সর্বোত্তম প্রয়োগ করা উচিৎ ছিল।

12 এই ব্যঙ্গচিত্র অঙ্কনকারী কোন আইনের দিকে ইঙ্গিত করতে চেয়েছেন?

(1) প্রশান্ত মহাসাগরীয় রেলপথ আইন

(2) চীনা বর্জন আইন

(3) শেরম্যান অ্যান্টিট্রাস্ট অ্যাক্ট

(4) ডাউস অ্যাক্ট

**এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।**


13 ও 14 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া ছবি ও মানচিত্র এবং আপনার সমাজবিদ্যা সম্পর্কিত জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**নিউ ইয়র্ক সিটির মূলবেরি (Mulberry) স্ট্রিট, c. 1900**



উৎস: কংগ্রেসের গ্রন্থাগার (Library of Congress) (অভিযোজিত)

**বিদেশে জন্মগ্রহণ করা শ্বেতাঙ্গদের মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন জায়গায় বন্টন, 1910**




উৎস: এডওয়ার্ড অলসওর্থ রস, *নতুন পৃথিবীতে পুরনো পৃথিবী: আমেরিকান জনগণের জন্য অতীত ও বর্তমান অভিবাসনের গুরুত্ব* (*The Old World in the New: The Significance of Past and Present Immigration to the American People*), 1914 (অভিযোজিত)

13 এই নথিগুলি কোন সিদ্ধান্তটিকে সবথেকে ভালোভাবে সমর্থন করছে?

(1) টেক্সাস ও দক্ষিণ-পশ্চিমে ছড়িয়ে ছিটিয়ে থাকা অন্যান্য অঞ্চলে অভিবাসন।
(2) 20 শতকের শুরুর দিকে অভিবাসিত পরিবারগুলির কাছে উত্তর-পূর্বের শহরগুলি আশ্রয়স্থল হয়ে ওঠে
(3) মধ্যপ্রাচ্যের বেশিরভাগ অভিবাসিত ব্যক্তিরা মূলত কৃষিকাজকেই পেশা হিসেবে বেছে নিয়েছিলেন।
(4) রেলের মাধ্যমে পরিবহন ব্যবস্থা থাকার কারণে গ্রেট লেক (the Great Lakes)-এর চারিপাশে স্টিল ও পেট্রোলিয়াম শিল্প গড়ে উঠেছিল।

14 এই সকল নথিগুলিতে যে পরিস্থিতিগুলির উল্লেখ করা হয়েছে তা 1920-এ সেই সময়ের কথা বুঝিয়ে থাকে যখন

(1) আইনসভা অভিবাসীদের সংখ্যা সীমিত করার জন্য আইন পাস করেছিল
(2) বহুল জনবসতিপূর্ণ সিটিগুলি ফেডারেলের থেকে হাউসিং সংক্রান্ত সহায়তা পেত
(3) তুলনামূলকভাবে কম জনবসতিপূর্ণ এলাকায় অভিবাসীদের পাঠিয়ে দেওয়া হয়েছিল
(4) নির্বাসন প্রোগ্রাম বাতিল করে দেওয়া হয়েছিল

---

15 ও 16 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

. . . আমরা সমগ্র বিশ্বে বহু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছি এবং আমাদের অতীতের থেকে ভবিষ্যৎকে আরও উজ্জ্বল করে তুলতে আমরা সচেষ্ট। বিশেষভাবে, গত চার বছরে হওয়া বিভিন্ন ঘটনা থেকে এই বিষয়টি সুস্পষ্ট হয়েছে সুখ-দুঃখের [দারিদ্র্য ও সমৃদ্ধি] সকল সময়েই আমাদের অবস্থান অন্যান্য দেশের থেকে ভালো থাকতেই হবে। আমরা হয়তো খুবই বাজেভাবে ব্যর্থ হবো অথবা চরমভাবে সফল হবো, তবে আমরা এই প্রচেষ্টা চালানো ছাড়তে পারি না যেখান থেকে আমাদের চরম ব্যস্ততা বা চরম সফলতা আসতে পারে। এমনকি যদি আমাদের দ্বারা সম্ভব হয়, আমরা অতি ক্ষুদ্র ভূমিকা পালন করব। যদি আমরা প্রচেষ্টা চালিয়ে যাই, তাহলে যা ফলাফল হতে পারে তা হল আমরা চরম অবজ্ঞার [অসম্মানজনকভাবে] ও লজ্জাজনকভাবে শিকার হতে পারি. . . .

উৎস: রাষ্ট্রপতি থিওডোর রুজভেল্ট (Theodore Roosevelt), দ্বিতীয় বার্ষিক বার্তা (Second Annual Message to Congress), 2 ডিসেম্বর, 1902

15 রাষ্ট্রপতি থিওডোর রুজ্‌ভেল্ট (Theodore Roosevelt)-এর 1902-এ কংগ্রেসকে পাঠানো বার্তাতে রুজ্‌ভেল্ট (Roosevelt) এর প্রতি তার সমর্থন জানিয়েছিলেন

(1) মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য চিরস্থায়ী সৈন্যদল গড়ে তোলা
(2) ল্যাটিন আমেরিকায় ইউরোপীয় উপনিবেশ
(3) মার্কিন যুক্তরাষ্ট্রের ঐতিহ্যগত বিচ্ছিন্নতাবাদের বৈদেশিক নীতি
(4) বৈশ্বিক শক্তি হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রের বিস্তার

16 কোন কাজটি এই বার্তায় যে ধারণা ব্যক্ত করা হয়েছে তার সাথে সবথেকে বেশি সামঞ্জস্যপূর্ণ?

(1) মার্কিন যুক্তরাষ্ট্রের পানামা খাল গড়ে তোলা
(2) মুক্ত দ্বার নীতির বিরোধিতা করা
(3) উপভোক্তা রক্ষার আইনে স্বাক্ষর করা
(4) জাতীয় পার্ক পরিষেবা গড়ে তোলা

---

17 ও 18 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া বিবৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . এই সামাজিক সুরক্ষা সম্পর্কিত প্রস্তাবিত আইন আমাদের ত্রিশ মিলিয়ন নাগরিকদের অন্তত কিছুটা সুরক্ষা প্রদান করে যারা বেকারত্ব ভাতার মাধ্যমে, বয়স্কদের প্রদত্ত পেনশন, শিশুদের সুরক্ষা ও রোগ প্রতিরোধ করার জন্য বর্ধিত পরিষেবার মাধ্যমে সরাসরি উপকৃত হবে. . . .
>
> এই আইন এই পরিকাঠামোর ভিত্তিপ্রস্তরও স্থাপন করে, যার গঠন কার্য শুরু হয়ে গেছে এবং যেটিকে যেকোনো মূল্যে সম্পূর্ণ করতে হবে। এই পরিকাঠামো ভবিষ্যতে আসন্ন মন্দা হওয়ার সম্ভাবনাকে কমিয়ে আনতে পারে। এটি অতি দরিদ্র ব্যক্তিদের পরিত্রাণ দেওয়ার জন্য বৃহৎ পরিমাণে ঋণ নেওয়া থেকে ভবিষ্যতের প্রশাসনকে সুরক্ষা প্রদান করবে। এই আইন মুদ্রাস্ফীতির ওঠা-নামাকে এক স্থিতু পর্যায়ে রাখবে। সংক্ষেপে এটি হলো এমন একটি আইন যা মানুষের প্রয়োজনীয়তা পূরণ করতে সাহায্য করবে এবং এর পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্রকে অর্থনৈতিক দিক থেকে সমৃদ্ধ একটি পরিকাঠামো গড়ে দেবে. . . .

উৎস: রাষ্ট্রপতি ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট (Franklin D. Roosevelt), সামাজিক সুরক্ষা আইন স্বাক্ষর করার সময় বিবৃতি (statement on signing the Social Security Act), 14 আগস্ট, 1935


17 রাষ্ট্রপতি ফ্রাংক্লিন ডি. রুজ্ভেল্ট (Franklin D. Roosevelt)-এর মতামত অনুসারে সামাজিক সুরক্ষা সিস্টেম (Social Security system)-এর একটি অন্যতম উদ্দেশ্য ছিল

(1) শিল্পক্ষেত্রে বহু বছর ধরে চলে আসা সেই সকল কৌশলের সমাপ্তি ঘটানো যা শ্রমিকদের ক্ষতি করে
(2) বিভিন্ন দ্বন্দ্বের অবসান ঘটানো এবং ফেডারেলের বাজেটে ভারসাম্য আনা
(3) হাসপাতালগুলোতে অনুদান দিয়ে চিকিৎসা পরিচর্যার মান উন্নত করা
(4) বেকার ও বয়স্ক নাগরিকদের সুবিধা প্রদান করা

18 সামাজিক সুরক্ষা অ্যাক্ট (Social Security Act)-এ স্বাক্ষর করে সেটিকে আইনে পরিণত করে, রাষ্ট্রপতি রুজ্ভেল্ট (Roosevelt) তার করা সেই অঙ্গীকার পূরণ করছিলেন যে ফেডারেল সরকার

(1) নাগরিকদের উন্নতির জন্য অর্থনীতির ক্ষেত্রে আরও সক্রিয় ভূমিকা পালন করবে
(2) উৎপাদন ও নিয়োগের পরিমাণ বৃদ্ধি করানোর জন্য বিভিন্ন শিল্পে ট্যাক্স প্রদানে অব্যাহতি প্রদান
(3) তাদের ওপর ভরসা করে যে সকল ব্যক্তিরা তাদের সারা জীবনের সঞ্চয় ব্যাংকে রেখেছেন, তা রক্ষা করা
(4) ভবিষ্যতে শেয়ার মার্কেটের কার্যকলাপের উপর নিয়ন্ত্রণ গড়ে তোলা

19 ও 20 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া নথি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।



4

570897 DA

মার্কিন যুক্তরাষ্ট্রের অফিস অভ প্রাইস অ্যাডমিনিস্ট্রেশন

অফিস অভ প্রাইস অ্যাডমিনিস্ট্রেশন

OPA

**ওয়ার রেশন বুক ফোর**

এনাকে জারি করা হয়েছে Gale Anderson

(নাম, নামের মধ্যাংশ ও পদবী)

সম্পূর্ণ ঠিকানা R-1

Mars, Pa.

**স্বাক্ষর করার আগে পড়ে নিন**

এই বইটি গ্রহণ করে, আমি এটা স্বীকার করছি যে এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারের সম্পত্তি থাকবে অফিস অভ প্রাইস অ্যাডমিনিস্ট্রেশন কর্তৃক অনুমোদিত উদ্দেশ্য ও পদ্ধতি অবলম্বন করে আমি এটিকে ব্যবহার করবো।

***পরিবর্তিত হলে প্রযোজ্য নয়***

(স্বাক্ষর)

***রেশন সংক্রান্ত আইন উলঙ্ঘন করা বেআইনি।***

OPA ফর্ম R-145

16—35570-1

**রেশন কর্তৃপক্ষের স্ট্যাম্প ছাড়া রেশনের সামগ্রী কিনবেন না**

**নিয়ম মাফিক স্বীকৃত মূল্যে থেকে বেশি অর্থ দিয়ে কখনো কিছু কিনবেন না**

*মার্কিন যুক্তরাষ্ট্রের অফিস অভ প্রাইস অ্যাডমিনিস্ট্রেশন*

**গুরুত্বপূর্ণ:** আপনার রেশন ব্যবহার করে আপনি টিন ক্যান ও ফ্যাট বর্জ্য বাঁচাতে সাহায্য করেন। এগুলি আমাদের জন্য যুদ্ধরত ব্যক্তিদের অস্ত্রশস্ত্র তৈরি করতে কাজে লাগে। আপনার স্থানীয় স্যালভেজ কমিটির সহযোগিতা করুন।

☆ মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারের মুদ্রণ অফিস 1943 16--35570-1

উৎস: অফিস অভ প্রাইস অ্যাডমিনিস্ট্রেশন

19 এই সরকার কেন যুদ্ধের সময় রেশন দেওয়ার সিস্টেম চালু করেছিল?

(1) জরুরী, দুঃসময়ের জন্য সঞ্চয় করে রাখা সংস্থানের ব্যায় সীমিত করা
(2) পণ্য ও পরিষেবার মূল্য নির্ধারণ সংক্রান্ত নিয়ন্ত্রণ এড়িয়ে চলার জন্য
(3) মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন সম্পত্তির রক্ষার্থে
(4) আইন প্রণয়নকারীদের ফৌজদারি অপরাধের বিচার করতে সাহায্য করার উদ্দেশ্যে

20 নাগরিকদের মধ্যে সরকারের প্রদত্ত রেশনের গ্রহণযোগ্যতা এই বিশ্বাসের ওপর গড়ে উঠেছিল যে এটি

(1) ক্ষুদ্র কৃষকদের মুনাফার পরিমাণ বৃদ্ধি করবে
(2) রাজনৈতিক ব্যক্তিদের উপর বৃহৎ ব্যবসায়ীদের প্রভাবকে সমাপ্ত করে দেবে
(3) সাধারণভাবে এটি ছিল একটি ন্যায্য ও ন্যায় সঙ্গত সিস্টেম
(4) সমপরিমাণ কাজের জন্য মহিলাদের সমান পারিশ্রমিক নিশ্চিত করেছিল

21 ও 22 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া বিবৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> কোরিয়ার [দক্ষিণ] সরকারি সৈন্যদল যারা সীমান্তবর্তী অঞ্চল রক্ষা করার জন্য এবং অন্তর্বর্তী সুরক্ষা বজায় রাখার জন্য সশস্ত্র ছিল, তাদের উপর উত্তর কোরিয়ার আক্রমণকারীরা আক্রমণ করেছিল। আক্রমণকারীরা আক্রমণ করার পর যুদ্ধ থামানোর জন্য এবং 38 তম প্যারালাল তুলে দেওয়ার জন্য জাতিসংঘের নিরাপত্তা পরিষদকে ডেকে পাঠানো হয়। তারা এটি করতে পারেনি তবে এর পরিবর্তে তারা এই আক্রমণ কিছুটা স্থিতু করেছিল। এই নিরাপত্তা পরিষদ এই কাজটি করার জন্য জাতিসংঘকে যথাসম্ভব সাহায্য করতে জাতিসংঘের সকল সদস্যদের ডেকে পাঠায়। এই পরিস্থিতিতে আমি মার্কিন যুক্তরাষ্ট্রের বায়ু ও নৌবাহিনীকে কোরিয়ান সরকারকে সেনাবাহিনী দেওয়ার, কভার দেওয়ার ও প্রয়োজনীয় সহায়তা দেওয়ার আদেশ দিয়েছিলাম।
>
> কোরিয়ার ওপর এই আক্রমণ নিঃসন্দেহে এটা স্পষ্ট করে দেয় যে সাম্যবাদ স্বাধীন জাতিগুলোকে পরাজিত করার জন্য নাশকতামূলক কর্মকাণ্ড করা অতিক্রম করে সশস্ত্র আক্রমণ ও যুদ্ধের ব্যবহার করতে শুরু করেছে। এটি আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষা বজায় রাখার জন্য জাতিসংঘের নিরাপত্তা পরিষদের জারি করা আদেশ অমান্য করেছে। এরূপ পরিস্থিতিতে কমিউনিস্ট বাহিনী কর্তৃক ফর্মোসা [তাইওয়ান] অধিগ্রহণ প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সুরক্ষার ওপর সরাসরি বিপদ নিয়ে আসবে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী সেই অঞ্চলের সুরক্ষা বজায় রাখার জন্য আইন মাফিক ও প্রয়োজনীয় কাজ করে চলেছে. . . .
>
> আমি জানি যে জাতিসংঘের সকল সদস্যরা জাতিসংঘের চার্টার অবজ্ঞা করে কোরিয়ার ওপর এই বৃহৎ আক্রমণের ফলাফলকে গভীর সচেতনতার সাথে বিবেচনা করবে। আন্তর্জাতিক ক্ষেত্রে বলপূর্বক শাসনের প্রত্যাবর্তন বৃহৎ প্রভাব ফেলতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্র আইনের শাসন বজায় রাখার যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাবে. . . .

উৎস: রাষ্ট্রপতি হ্যারি ট্রুম্যান (Harry Truman), কোরিয়ার পরিস্থিতি নিয়ে বিবৃতি (statement on the situation in Korea), 27 জুন, 1950

21 27 জুন, 1950 তারিখে রাষ্ট্রপতি হ্যারি ট্রুম্যান (Harry Truman) যে বিবৃতি দিয়েছিলেন তার কারণ কী ছিল?

(1) মার্কিন যুক্তরাষ্ট্রের ঠাণ্ডা লড়াইয়ের কন্টেনমেন্টের নীতিতে দেওয়া প্রতিশ্রুতি
(2) চীনের সহায়তা অর্জন করার একটি প্রচেষ্টা যাতে দক্ষিণ কোরিয়ার আগ্রাসন কমিয়ে আনা যায়
(3) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর কোরিয়াতে জাপানের সেনাবাহিনীর উপস্থিতি
(4) উত্তর ও দক্ষিণ কোরিয়াকে পুনরায় সংযুক্ত করার পরিকল্পনার ঘোষণা

22 দক্ষিণ কোরিয়ার ওপর উত্তর কোরিয়ার আক্রমণের প্রত্যুত্তর পূর্ববর্তী দ্বন্দ্বগুলি থেকে ভিন্ন ছিল কেন?

(1) সোভিয়েত ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্র মিত্র দেশে পরিণত হয়েছিল।
(2) সোভিয়েত ইউনিয়নের হস্তক্ষেপ করার পর উত্তর কোরিয়ার আগ্রাসন বন্ধ হয়েছিল।
(3) দক্ষিণ কোরিয়াকে রক্ষা করার জন্য জাতিসংঘ (United Nations)-এর সদস্যরা সৈন্যদল পাঠিয়েছিল।
(4) পার্শ্ববর্তী দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলি প্রতিটি পক্ষকে আলাদা-আলাদাভাবে সাহায্য করার জন্য বিভক্ত হয়ে গিয়েছিল।

23 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া বক্তৃতা থেকে উদ্ধৃত বিবৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> তিন বছর আগে এই দেশের সুপ্রিম কোর্ট সহজ, বিস্তৃত, দ্বিধাহীন ভাষায় একটি সিদ্ধান্ত জানিয়েছিল যা দীর্ঘ সময় ধরে পরবর্তী প্রজন্মের মনে থেকে যাবে। সকল সৎভাবাপন্ন ব্যক্তিদের জন্য এই 17 মে-এর সিদ্ধান্ত একটি আনন্দমুখর দিন নিয়ে আসে যা দীর্ঘ সময় ধরে আটকে থাকা বিষয়ের সমাধান করে। এটি বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা বিভিন্ন ব্যক্তিদের মনে আশার কিরণ জাগিয়ে তোলে যারা স্বাধীনতার কেবলমাত্র স্বপ্নই দেখেছিল। এটির মাধ্যমে আইনতভাবে ও সামাজিকভাবে পুরনো "পৃথক-কিন্তু-এক" প্লেসি (Plessy) মতবাদের অবসান ঘটে। এটি পুরাতন আমেরিকার স্বাধীনতার মতবাদ এবং সকল মানুষের জন্য সমতার পুনরায় নিশ্চিতকরণ করেছিল।
>
> দুর্ভাগ্যবশত, এই মহৎ ও শ্রেষ্ঠ মানের সিদ্ধান্ত বিরোধহীনভাবে পাশ হয়নি। এই বিরোধের পরিমাণ মাঝেমধ্যে অত্যন্ত বেশি অনুপাতে লক্ষ্য করা গেছে। এমন অনেক স্টেট রয়েছে যেগুলি সরাসরি বিরোধ লক্ষ্য করা গিয়েছিল। দক্ষিণাত্যের বিধানসভা হল থেকে "হস্তক্ষেপ" ও "বাতিলকরণ"-এর মতো কথা শোনা যাচ্ছিল। বিরোধ জানানোর জন্য যে সকল পদ্ধতির ব্যবহার করা হতো, তার মধ্যে ছিল নির্মম সহিংসতা ও সন্ত্রাস ছড়ানো দেশগুলি থেকে ভঙ্গুর হয়ে পড়া অর্থনৈতিক প্রতিশোধ নেওয়া। দৃঢ় প্রতিরোধ গড়ে তুলতে এই সকল শক্তি একত্রিত হয়েছিল।
>
> কিন্তু এছাড়াও সকল প্রকারের বিরোধ জানানোর পদ্ধতি ব্যবহার করে নিগ্রোদের [আফ্রিকান আমেরিকান] নিবন্ধিত ভোটার হওয়া থেকে আটকানো হচ্ছিল। এই মহৎ অধিকারের বাতিল হয়ে যাওয়া আমাদের গণতান্ত্রিক ঐতিহ্যের কাছে সবথেকে বেশি লজ্জার বিষয় এবং এর কারণে এখানকার গণতন্ত্রে উথাল-পাথাল লক্ষ্য করা গিয়েছিল।. . .

উৎস: ড. মার্টিন লুথার কিং জুনিয়র (Martin Luther King Jr.), "গিভ আস দ্য ব্যালট" (Give Us the Ballot), 17 মে, 1957

23 আফ্রিকান আমেরিকানদের ভোট দান করার অধিকার কেড়ে নেওয়ার জন্য কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছিল বলে এই বক্তৃতায় উল্লেখ করা হয়েছে?

(1) সাক্ষরতার পরীক্ষা ও পোল ট্যাক্স
(2) ফেডারেল সেনাবাহিনী নিয়োজিত করা
(3) বাস বয়কট ও সিট-ইনস
(4) শিক্ষার্থীদের আন্দোলন

24 এবং 25 নম্বর প্রশ্নের উত্তর নিচের শিরোনাম এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> "সেই সকল সংবাদ যা প্রিন্ট হওয়ার জন্য প্রস্তুত"
>
> # নিউ ইয়র্ক টাইমস।
>
> *সন্ধ্যাকালীন সিটি সংস্করণ*
> U. S. Weather Bureau Report (Page 33) forecasts: Cloudy and cool today and tonight. Mostly fair tomorrow. Temp. range: 65—53. Yesterday: 62.4—49.2.
>
> সংস্করণ. CVII...নং. 36,414. | নিউ ইয়র্ক শনিবার 5ই অক্টোবর 1957। | পাঁচ সেন্ট
>
> ## *সোভিয়েত মহাকাশে আর্থ স্যাটেলাইট উৎক্ষেপণ করল; এটি পৃথিবীর চারপাশে 18,000 M. P. H.-এ পরিক্রমা করছে; মার্কিন যুক্তরাষ্ট্রের 4টি জায়গায় এটিকে লক্ষ্য করা গেছে।*

উৎস: *নিউ ইয়র্ক টাইমস* (*New York Times*), 5 অক্টোবর, 1957

24 এই শিরোনামে উল্লেখিত ঘটনাটি নিয়ে আমেরিকানরা চিন্তায় পড়ে গিয়েছিল কেন?

(1) তারা ভয় পেয়েছিল যে ঠাণ্ডা লড়াইয়ের অস্ত্র প্রতিযোগিতায় মার্কিন যুক্তরাষ্ট্র হয়তো হারতে চলেছে।
(2) তারা মনে করেছিল যে কৃত্রিম উপগ্রহ পরিবেশের ওপর হয়তো নেতিবাচক প্রভাব ফেলতে চলেছে।
(3) তারা মনে করেছিল কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করে তারা আন্তর্জাতিক আইনের লঙ্ঘন ঘটিয়েছে।
(4) ভবিষ্যতে কৃত্রিম উপগ্রহের প্রযুক্তি কী প্রভাব ফেলতে চলেছে তা নিয়ে তারা উদ্বিগ্ন ছিল।

25 এই শিরোনামে উল্লেখিত ঘটনার সরাসরি প্রভাব কী ছিল?

(1) রাষ্ট্রপতি আইজেনহাওয়ার (Eisenhower) সেনাবাহিনীকে আক্রমণ করার জন্য অগ্রসর করিয়েছিলেন।
(2) জাতিসংঘ সোভিয়েত ইউনিয়নের কার্যকলাপ নিয়ে নিন্দা করেছিল।
(3) পরিবারের জন্য কংগ্রেস ফলআউট শেল্টার গড়ে তোলাকে বাধ্যতামূলক করে দিয়েছিল।
(4) স্কুলে বিজ্ঞান শিক্ষাকে বাড়িয়ে তোলার জন্য কংগ্রেস আইন পাস করিয়েছিল।

---

26 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া বার্তা এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . এই অধিকার ক্ষুণ্ন করার জন্য উপলভ্য সকল প্রযোজ্য মনুষ্য ছলনার কৌশল ব্যবহার করা হয়েছে। নিগ্রো [আফ্রিকান আমেরিকান] নাগরিকরা নিবন্ধন করতে গেলে তাদেরকে বলা হতো আপনারা ভুল দিনে এসেছেন অথবা সময় অতিক্রান্ত হয়ে গেছে অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুপস্থিত রয়েছে। এত কিছু সহ্য করেও যদি তিনি এটি করেন এবং নিবন্ধকের সামনে নিজেকে উপস্থিত করাতে পারেন তবুও তাকে হয়তো অযোগ্য বলে ঘোষণা করা হতো কারণ তিনি তার নামের মধ্যাংশের বানান বলতে পারেননি অথবা তিনি হয়তো আবেদন পত্রে কোনো একটি শব্দের সংক্ষিপ্তরূপ লিখেছেন।
>
> এবং তারপরও তিনি যদি কোনোভাবে এই আবেদনপত্র জমা দিয়ে থাকেন তাহলে তাকে একটি পরীক্ষা দিতে বলা হয়। ওই পরীক্ষায় তিনি পাশ করবেন কি না তা নির্ধারণ করার ক্ষমতা একমাত্র নিবন্ধকের কাছেই থাকে। তাকে হয়তো জিজ্ঞাসা করা হতে পারে যে আপনি সংবিধানটি পুরো মুখস্ত বলে ফেলুন অথবা এই স্টেটের আইনের সবথেকে জটিল বিধানটি ব্যক্ত করুন। এবং তিনি যে পড়তে বা লিখতে পারেন তা প্রমাণ করার জন্য একটি কলেজের ডিগ্রীও যথেষ্ট নয়। . . .

উৎস: রাষ্ট্রপতি লিন্ডন বি. জনসন (Lyndon B. Johnson), কংগ্রেসের কাছে বিশেষ বার্তা, (Special Message to Congress) "দ্য আমেরিকান প্রমিস" (The American Promise)

26 কংগ্রেস রাষ্ট্রপতি লিন্ডন বি. জনসন (Lyndon B. Johnson)-এর বার্তার প্রত্যুত্তরে এটি পাশ করিয়েছিল

(1) 1963 সালের ইকুয়াল পে অ্যাক্ট
(2) 1965 সালের ভোটদানের অধিকার সংক্রান্ত আইন
(3) 1965 সালের অভিবাসন সংক্রান্ত আইন
(4) 1990 সালের প্রতিবন্ধী আমেরিকানদের জন্য আইন

---

27 ও 28 নম্বর প্রশ্নের উত্তর নিচে উল্লেখিত সংবাদপত্রের শিরোনাম এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

"সেই সকল সংবাদ যা প্রিন্ট হওয়ার জন্য প্রস্তুত"

# নিউ ইয়র্ক টাইমস

**সন্ধ্যাকালীন সংস্করণ**
নিউ ইয়র্ক: **আজ**, কমবেশি মেঘাচ্ছন্ন, মধ্যম প্রকৃতির। সর্বোচ্চ 49। **আজ রাত** মূলত মেঘাচ্ছন্ন, কমবেশি বৃষ্টি হতে পারে। সর্বনিম্ন 42। **আগামীকাল,** মেঘাচ্ছন্ন, সীমিত রৌদ্র। সর্বোচ্চ 53। গতকাল সর্বোচ্চ 50, সর্বনিম্ন 39। বিবরণ, পৃষ্ঠা 64।

*সংস্করণ. CXLVII...নং. 51,377* Copyright © 1998 The New York Times *নিউ ইয়র্ক, রবিবার, 20 ডিসেম্বর, 1998* $3 beyond the greater New York metropolitan area. *$2.50*

# ক্লিনটন অভিশংসিত

***তাকে সেনেটের বিচারের সম্মুখীন হতে হয়েছে, ইতিহাসে দ্বিতীয়বার, তার মেয়াদের 'সর্বশেষ সময়' পর্যন্ত তিনি কাজ করে যাবেন বলে শপথ নিয়েছেন***

উৎস: *নিউ ইয়র্ক টাইমস* (*New York Times*), 20 ডিসেম্বর, 1998

27 এই সকল শিরোনামের মাধ্যমে কোন সাংবিধানিক নীতিকে তুলে ধরা হয়েছে?

(1) ফেডারেল তন্ত্র
(2) চেক ও ব্যালেন্স
(3) বিচার বিভাগীয় পর্যালোচনা
(4) সংরক্ষিত ক্ষমতা

28 রাষ্ট্রপতি বিল ক্লিনটন (Bill Clinton) যে সকল সংবিধানগত চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছিলেন, সেই একই চ্যালেঞ্জের সম্মুখীন আর কোন রাষ্ট্রপতি হয়েছিলেন?

(1) জিমি কার্টার (Jimmy Carter)
(2) উইলিয়াম ম্যাকিন্‌লি (William McKinley)
(3) অ্যান্ড্রু জনসন (Andrew Johnson)
(4) জর্জ ডাবলু. বুশ (George W. Bush)

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

**সংক্ষিপ্ত রচনাধর্মী প্রশ্ন (29 ও 30) এবং (37)-নম্বরে নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনামূলক প্রশ্নের উত্তর আলাদা উত্তরপত্রে লিখতে হবে।**

## অংশ II

## সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি (SEQগুলি)

**এই সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি সঙ্গে দেওয়া নথিগুলির উপর ভিত্তি করা এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি। প্রতিটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নের সেটে দু'টি করে নথি আছে। এই প্রশ্নগুলির উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/ বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করা** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** অর্থ "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**শনাক্ত করুন** অর্থ "একটি নাম দেওয়া বা নাম করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর কারণ দেওয়া; বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

<u>**সম্পর্কের ধরন:**</u>

**কারণ** অর্থ "কোনো কিছু যা একটি ঘটনা ঘটার প্রতি অবদান রাখে, একটি ধারনার জাগরণ, বা কোনো বিকাশ সংঘটিত করা।"

**প্রভাব** অর্থ "একটি ঘটনা, একটি ধারণা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।"

**মিল** বলতে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত হয় বা একই হয়।"

**পার্থক্য** বলতে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত নয় বা একই নয়।"

**সন্ধিক্ষণ** হল "বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যা উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। এটি স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, বা বৈশ্বিক হতে পারে।"

***SEQ সেট 1 নির্দেশনা* (প্রশ্ন 29):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনার পুস্তিকায় লেখার আগে।

## নথি 1

**সংশোধন XIV (1868)**

**বিভাগ 1.** যে সকল ব্যক্তিরা মার্কিন যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করেছে বা নাগরিক অধিকার পেয়েছে অর্থাৎ মার্কিন যুক্তরাষ্ট্রের ও যে স্টেটে তারা বসবাস করে সেখানকার নাগরিকগণের বিচার পাওয়ার অধিকার রয়েছে। কোনো স্টেট এমন কোনো আইন তৈরি বা প্রণয়ন করতে পারবে না যার কারণে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকদের বিভিন্ন সুযোগ-সুবিধা লাভ করার সুবিধা বা মুক্তি লাভ করার সুযোগ কেড়ে নিতে পারবে না, অথবা কোনো স্টেট আইনের যথাযথ প্রক্রিয়া ব্যতীত অন্য কোনো কারণে কোন ব্যক্তির জীবন, স্বাধীনতা বা সম্পত্তি কেড়ে নিতে পারবে না, বা সেই স্টেটের এখতিয়ারভুক্ত কোনো ব্যক্তিকে আইনের সমান সুরক্ষা পাওয়ার অধিকার কেড়ে নিতে পারবে না।

**সংশোধন XV (1870)**

**বিভাগ 1.** জাতি, বর্ণ, বা দাসত্বের পূর্ববর্তী শর্তের উপর ভিত্তি করে মার্কিন যুক্তরাষ্ট্র বা কোনও স্টেট কর্তৃক মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকদের ভোট দেওয়ার অধিকার কেড়ে নেওয়া বা কমিয়ে আনা চলবে না যাবে না।

উৎস: মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের 14তম ও 15তম সংশোধনী (14th and 15th amendments, United States Constitution)

## নথি 2

> . . . *মিস অ্যান্থনি (Miss Anthony)*—যখন আমাকে বিচারের মুখোমুখি করা হলো, আমি আশা করেছিলাম কোনো একটি বোর্ড থাকবে বা সংবিধানের নিরপেক্ষ ব্যাখ্যা এবং তার সাম্প্রতিক সংশোধনগুলির ব্যাখ্যা করা হবে যার মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের সংরক্ষক এজিস [শিল্ড]-এর অধীনে থাকা সেই সকল নাগরিকদের সমপরিমাণ অধিকারের উল্লেখ করা হবে যারা মার্কিন যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করেছে বা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক অধিকার পেয়েছে। কিন্তু এই ন্যায় বিচার না পাওয়ায়—এমনকি আবার সহকর্মীদের বদলে কোনো বিচারকের থেকে বিচার পাওয়ার অধিকার না থাকায়—আমি আপনার থেকে করুণা চাই না—তবে এটি আইনের কারচুপি ছাড়া আর কিছু না. . . .
>
> *বিচারক হান্ট (Hunt)*—আদালতের সাজা হল আপনাকেনি একশ ডলার জরিমানা এবং প্রসিকিউশনের খরচ দিতে হবে।
>
> *মিস অ্যান্থনি (Miss Anthony)*—সম্মানপূর্বক ইওর অনার, আপনার অন্যায় শাস্তির এক ডলারও আমি দেব না। চার বছর আগে আমার গবেষণাপত্র 'দ্য রেভল্যুশন' প্রকাশের ফলে আমার কাছে 10,000 ডলারের ঋণ রয়েছে, যার একমাত্র উদ্দেশ্য ছিল সব নারীকে আমি যেমন করেছি ঠিক তেমনটাই করতে শিক্ষিত করা, আপনাদের পুরুষসৃষ্ট, অন্যায্য, অসাংবিধানিক আইনের বিরুদ্ধে বিদ্রোহ করা, নারীদের কর দেওয়া, জরিমানা করা, কারারুদ্ধ করা এবং ফাঁসিতে ঝুলিয়ে রাখা, অথচ তারা সরকারে তাদের প্রতিনিধিত্বের অধিকার অস্বীকার করে। এবং আমি সেই সৎ ঋণের প্রতিটি ডলার পরিশোধ করার জন্য সমস্ত শক্তি দিয়ে কাজ করব, কিন্তু এই অন্যায় দাবিতে একটি পেনিও যাবে না। এবং আমি আন্তরিক এবং অবিরামভাবে সকল নারীকে পুরানো বিপ্লবী নীতিটির ব্যবহারিক স্বীকৃতি দেওয়ার জন্য অনুরোধ করব, যে “স্বৈরাচারের বিরুদ্ধে প্রতিরোধ ঈশ্বরের আনুগত্য।”

উৎস: *সুসান বি. অ্যান্থনি* (Susan B. Anthony)-*র বিরুদ্ধে অবৈধ ভোট দেওয়ার অভিযোগের বিচারের বিবরণ* (*An Account of the Proceedings on the Trial of Susan B. Anthony on the Charge of Illegal Voting*), রোচেস্টার, নিউ ইয়র্ক, 1874

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/ বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

**এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।**

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- বিশ্লেষণ করুন **নথি 2** মূল্যায়ন করে কীভাবে তা *দর্শক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করা** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** অর্থ "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**বিশ্লেষণ করুন** অর্থ "একটি নথি পরীক্ষা করা এবং তার উপাদানগুলি এবং সম্পর্কগুলি নির্ধারণ করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর কারণ দেওয়া; বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**নির্ভরযোগ্যতা** নির্ধারণ করা হয় একটি উৎসে প্রাপ্ত তথ্য কতটা নিখুঁত এবং উপযোগী একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য তার উপর ভিত্তি করে।

***SEQ সেট 2 নির্দেশনা* (প্রশ্ন 30):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনার পুস্তিকায় লেখার আগে।

## নথি 1

প্রধানমন্ত্রী জর্জ গ্রেনভিল (George Grenville)-এর সময় 1763 থেকে 1765 পর্যন্ত থমাস হোয়াটলি (Thomas Whately) গ্রেট ব্রিটেনের ট্রেজারির সেক্রেটারি হিসেবে কাজ করেছিল এবং তিনিই ছিলেন স্ট্যাম্প অ্যাক্টের মূল লেখক।

> . . . এই সকল ডিউটির মাধ্যমে যে রাজস্ব আদায় করা হবে যা ইতিমধ্যে করা হয়েছে অথবা এটি ভবিষ্যতে আরোপিত হলে যে রাজস্ব পাওয়া যাবে তা এই আইনসভা কর্তৃক সমানভাবে ব্যবহার করে *ব্রিটিশ উপনিবেশ ও আমেরিকার মধ্যে থাকা আবাদ জমি সংরক্ষিত করা, রক্ষা করা এবং সুরক্ষিত করার জন্য* প্রয়োজনীয় *খরচ নির্বাহ করা হবে* [পেমেন্ট করা হবে] . . . . এই সহায়তার পাশাপাশি অবশ্যই তাদের নিজস্ব অসামরিক সরকার রয়েছে কিন্তু *গ্রেট ব্রিটেনের*ও নিজস্ব অসামরিক সরকার রয়েছে, তবে সেটিকে একটি বিরাট অঞ্চলের শান্তি বজায় রাখার কাজও করতে হয় এবং দেশের ওপর থাকা ঋণও একটি গুরুতর বিষয় এবং আরেকটি গুরুতর বিষয় হলো এটির উপনিবেশগুলির সুরক্ষা করার জন্য এই দেশকে একটি যুদ্ধের সাথে যুক্ত হতে হয়েছে যা এটির ওপর গুরুতর বিরূপ প্রভাব ফেলেছে [বলে অনুমান করা হয়] এবং এটি তার নিজস্ব দায়িত্বের মধ্যে পড়ে. . . .

উৎস: থমাস হোয়াইটলি, *সাম্প্রতিক উপনিবেশসমূঃএর উপর আরোপিত বিধিনিষেধ এবং করের বিবেচনা (The Regulations Lately Made Concerning the Colonies, and the Taxes Imposed Upon Them, Considered)*, জানুয়ারি 1765 (অভিযোজিত)

## নথি 2

ইংরেজদের ট্যাক্স পদ্ধতি নিয়ে উপনিবেশের নিবাসীদের উদ্বেগ মেটানোর উদ্দেশ্যে আলোচনা কংগ্রেস এই স্ট্যাম্প অ্যাক্ট এনেছিল।

> . . . I. গ্রেট ব্রিটেনে ও তার সকল অধীনস্থ অঞ্চল যেগুলি *গ্রেট ব্রিটেনের* সংসদের আগস্ট [নোবেল] বডির অধীনস্থ সেই সকল অঞ্চলে জন্মগ্রহণ করা কোনো ব্যক্তির মতনই এটির সকল উপনিবেশগুলিতে মহামান্য রাজার প্রজারা, *গ্রেট ব্রিটেন*-এর রাজ সিংহাসনের প্রতি একইভাবে অনুগত থাকছে।
>
> II. এই সকল উপনিবেশে সম্রাটের [অবলিগেটেড] জন্ম দেওয়া সন্তান-সন্ততিরা *গ্রেট-ব্রিটেনে* যেমন অধিকার ও সুযোগ সুবিধা পায় স্বাভাবিক জন্মসূত্রে তারা সেগুলি ওই রাজ্যের মধ্যে উপভোগ করতে পারবে।
>
> III. জনগণের স্বাধীনতার জন্য এটি অবিচ্ছেদ্যভাবে অপরিহার্য, এবং নিশ্চিতরূপে *ইংরেজদের* অধিকারের মধ্যে রয়েছে যে তাদের উপর কোনো ট্যাক্স আরোপ করা হবে না, তবে তাদের নিজস্ব সম্মতি থাকলে, ব্যক্তিগতভাবে বা তাদের প্রতিনিধিদের মাধ্যমে কর দেওয়া যেতে পারে।
>
> IV. এই সকল উপনিবেশগুলিতে থাকা ব্যক্তিরা এবং এই সকল অঞ্চল থেকে উঠে আসা ব্যক্তিরা *গ্রেট ব্রিটেনের* হাউস অভ কমন্স-এ প্রতিনিধিত্ব করতে পারবে না।
>
> V. এইসকল উপনিবেশগুলির জনগণের প্রতিনিধিদের তারা নিজেরাই নির্বাচিত করবেন এবং কেবলমাত্র তাদের উপর কখনও কোনো ট্যাক্স আরোপ করা হবে না বা সংবিধান অনুযায়ী তাদের ওপর তা আরোপ করা যায় না, তবে তাদের নিজস্ব আইনসভার তা করার ক্ষমতা রয়েছে. . . .
>
> XIII. এই সকল উপনিবেশগুলিতে থাকা *ব্রিটিশ* ব্যক্তিরা এই সকল অধিকার পাবেন, তারা রাজার কাছে বা সংসদের যে কোনো হাউজে পিটিশন করতে পারেন. . . .

উৎস: স্ট্যাম্প অ্যাক্ট কংগ্রেসের অধিকার ও অভিযোগের ঘোষণা (Declaration of Rights and Grievances, Stamp Act Congress), 19 অক্টোবর, 1765 (অভিযোজিত)

---

### SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- বিশ্লেষণ করুন **নথি 2** মূল্যায়ন করে কীভাবে তা *দর্শক,* **বা** *উদ্দেশ্য,* **বা** *পক্ষপাত,* **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

নাম ______________________________ স্কুল ______________________________

## অংশ III

### নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা (প্রশ্ন নম্বর 31–37)

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা প্রশ্নটি এর সাথে থাকা নথির উপর ভিত্তি করা। প্রশ্নটি আপনার ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার ক্ষমতার পরীক্ষা করার জন্য তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। নথিগুলি বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং যেকোনো দৃষ্টিভঙ্গি যা এই নথিতে উপস্থাপন করা হতে পারে তা বিবেচনা করুন। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

**ঐতিহাসিক প্রসঙ্গ: ভার্সাই চুক্তির অনুমোদনের বিষয়ে তর্ক-বিতর্ক**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনদের মধ্যে বিতর্ক তৈরি হয়েছে। মৌলিক কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের দ্বারা সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এর মধ্যে অন্যতম সাংবিধানিক এবং নাগরিক বিষয় হলো *ভার্সাই চুক্তির অনুমোদনের বিষয়ে তর্ক-বিতর্ক*

**কাজ:** A-অংশের নথিগুলি পড়ুন ও বিশ্লেষণ করুন। মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, 'A' অংশে প্রতিটি নথির পরবর্তী প্রশ্নের উত্তর দিন। আপনার লিখিত প্রশ্নের উত্তর B-অংশের প্রবন্ধ লিখতে সাহায্য করবে, যেখানে জিজ্ঞাসা করা হবে

- উক্ত সাংবিধানিক ও নাগরিক অধিকারকে কেন্দ্র করে তৈরি হওয়া দাবির ঐতিহাসিক প্রেক্ষাপট বিবৃত করুন।
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**অংশ III-এর উত্তরগুলি তৈরি করার সময়এই সাধারণ সংজ্ঞাগুলি মনে রাখবেন:**

(a) **<u>বর্ণনা করুন</u> অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা"**

(b) **<u>ব্যাখ্যা করুন</u> অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; বা কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক"**

(c) **<u>আলোচনা করুন</u> অর্থ "কোনো কিছু সম্পর্কে পর্যবেক্ষণ করা তথ্য, যুক্তি, এবং তর্ক ব্যবহার করে; বিশদভাবে পেশ করা"**

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা**
**অংশ A**
**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর (31–36)**

*নির্দেশনা:* নথিগুলি বিশ্লেষণ করে এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত উত্তরের প্রশ্নগুলোর উত্তর লিখুন।

## নথি 1

প্রথম বিশ্বযুদ্ধের সময়, রাষ্ট্রপতি উড্রো উইল্সন (Woodrow Wilson) তার 14-টি বিষয় ঘোষণা করেছিলেন, তিনি মনে করেছিলেন যে ভার্সাই চুক্তিতে এই সকল বিষয়গুলি উল্লেখিত থাকবে।

> *"আমি [Woodrow Wilson (উড্রো উইল্সন)], খুবই দৃঢ়তার সাথে অনুমান করতে পারছি যে, বিশ্বের বিভিন্ন শক্তিধর দেশগুলি যদি এই পদ্ধতি না মেনে চলে, কয়েক প্রজন্ম পর আবার বিশ্বযুদ্ধ ঘটতে চলেছে, তা হওয়া আটকানোর জন্য* [একটি পরিকল্পনায় সম্মতি জানান] "
>
> একসময় উইল্সন (Wilson) জানতেন যে, মার্কিন যুক্তরাষ্ট্র এই যুদ্ধ থেকে নিজেকে বিরত রাখতে পারবে না, তাই এই যুদ্ধ যাতে পুনরায় না ঘটে, তার জন্য তিনি একটি উপায় খুঁজে বের করতে সচেষ্ট হয়েছিলেন। 1918 সালের জানুয়ারি মাসে তিনি 14টি পয়েন্ট ঘোষণা করেছিলেন, যেটি ছিল পুনরায় এত বড় যুদ্ধের কারণ যাতে না উৎপন্ন হয় তার জন্য বিভিন্ন ডিজাইন করা নীতির সেট। এই 14টি পয়েন্টের মধ্যে ছিল শান্তি রক্ষার্থে একটি আন্তর্জাতিক সংস্থা গড়ে তোলা, যেখানে বিভিন্ন রকমের বিবাদ নিয়ে আলোচনা করা ও তার সমাধান বার করা যেতে পারে। এই 14টি পয়েন্ট মিত্র দেশগুলির জনগণকে উৎসাহিত করে এবং তাদের মধ্যে এই আশা জাগিয়ে তোলে যে পরবর্তীতে এইরকম বড় যুদ্ধ হওয়া আটকানো সম্ভব। প্যারিস শান্তি সম্মেলনে যোগ দিতে 1918 সালের শেষের দিকে যখন উইল্সন (Wilson) ইউরোপে গিয়েছিলেন, তখন তাকে দেখার জন্য ব্রিটেন ফ্রান্স ও ইতালি থেকে লক্ষ লক্ষ মানুষ জড়ো হয়েছিলেন।
>
> 1919 সালের শান্তি সম্মেলনে উইল্সন (Wilson) সভাপতিত্বের আসন ছয় মাসের জন্য প্যারিসের হাতে দিয়েছিলেন যা করে তিনি সমগ্র বিশ্বের নজর কেড়েছিলেন। যত বেশি সংখ্যক ত্যাগপত্র নেওয়া যায় এবং যত কম সংখ্যক অঞ্চল তারা তাদের দেশের জন্য রাখতে চায় তা নির্ধারণ করার জন্য তিনি মিত্র দেশগুলির নেতাদের সাথে দেখা করেন। পরিস্থিতির বিবেচনা করে একটি ন্যায় সঙ্গত চুক্তি করার জন্য 1919 সালের জুন মাস পর্যন্ত উইল্সন (Wilson) তাদের সাথে তর্ক বিতর্ক চলান এবং তাদের বিরুদ্ধে যথাসম্ভব লড়াই করেন। উইল্সন (Wilson) শান্তি স্থাপনের জন্য বিভিন্ন বিধি নির্ধারণ করে যার মধ্যে ছিল তার ডিজাইন করা লিগ অফ নেশনস, একটি বৈশ্বিক সংস্থা যা ভবিষ্যতে বিভিন্ন দেশের মধ্যে হওয়া দ্বন্দ্ব মেটাবে।. . . .

উৎস: “লিগ অফ নেশনস” (League of Nations), রাষ্ট্রপতি উড্রো উইলসন হাউস (অভিযোজিত)

31 এই নথি অনুযায়ী ভার্সাই চুক্তির অনুমোদনের সাথে ***কোন*** ঐতিহাসিক প্রেক্ষাপটটি সংযুক্ত ছিল? [1]

________________________________________

________________________________________

Score

## নথি 2

প্রস্তাবিত চুক্তিতে লীগ অব নেশনস-এর সাথে সম্পর্কিত বিধানগুলি রাষ্ট্রপতি উড্রো উইল্‌সন (Woodrow Wilson)-এর আলোচনা করার পর, সেনেটার হেনরি ক্যাবট লজ (Henry Cabot Lodge) 28 ফেব্রুয়ারি, 1919-এ মার্কিন যুক্তরাষ্ট্রের সেনেটে একটি বক্তৃতা দেন।

> . . . তিনি এই দৃঢ় বিশ্বাসের সাথে লিখেছেন যে, তিনি 'কোনো ব্যক্তিকে অনুসরণ করবেন না এবং কোনো উপস্থাপিত প্রস্তাবনায় ভোট দেবেন না, যা ভালো উদ্দেশ্যে গ্রহণ করা হলেও আমার বিচার বুদ্ধি অনুযায়ী এটি বিভিন্ন রাষ্ট্রের মধ্যে ঐক্য আনার বদলে তাদের মধ্যে অনৈক্য [মতভেদ] গড়ে তুলেছিল অথবা তার এই অনুমান যে এই সেনেট, "দায়িত্ব বাড়ার সাথে-সাথে নিজেদের মতামতের পরিবর্তন ঘটাবে" আমার দেশের উপর আঘাত, বিপদ ও অবিচার ডেকে এনেছিল," প্রতিটি প্রস্তাব পুঙ্খানুপুঙ্খভাবে খতিয়ে দেখা উচিৎ, লীগ গঠনের ক্ষেত্রে লজ (Lodge)-এর ঠিকানা ছিল সব থেকে বেশি গুরুত্বপূর্ণ বিষয়। তিনি এই আবেগপূর্ণ যুক্তি দিয়ে শুরু করেছিলেন যে, এই অস্বীকৃত [বিরোধ সৃষ্টিকারী] নথিটি মার্কিন বৈদেশিক নীতির দুটি পবিত্র স্তম্ভ [নীতি], জর্জ ওয়াশিংটন (George Washington)-এর 17 সেপ্টেম্বর, 1796 তারিখের, ফেয়ারওয়েল অ্যাড্রেস এবং মনরো মতবাদ (Monroe Doctrine)-এর বিরোধিতা করছে। "আমি সংবাদপত্র, জনগণ এবং অবশ্যই এই সেনেটকে এই প্রস্তাবের গুরুত্ব ভালো করে বিবেচনা করতে বলছি," বলে লজ (Lodge) আবেদন জানান, "শেষ পর্যন্ত আমরা এক শতাব্দী ধরে যে নীতিগুলি পালন করেছি সেগুলি বাতিল করার গুরুতর সিদ্ধান্ত এবং অন্যান্য সিদ্ধান্ত নেওয়ার আগে আমরা দেশে ও বিদেশে শান্তি বজায় রাখার জন্য ব্যাপকভাবে কাজ করেছি।"
>
> প্রস্তাবিত খসড়ার নির্দিষ্ট বিধানের নিরিখে, লজ (Lodge) আবেদন জানান যে সকল সদস্যের স্বাধীনতা এবং আঞ্চলিক অখণ্ডতা নিশ্চিত করার বিধানটি বিশেষভাবে উদ্বেগজনক ছিল। তিনি সতর্ক করেন যে এই গ্যারেন্টি সুনিশ্চিত করতে মার্কিন যুক্তরাষ্ট্রকে "বিজ্ঞপ্তি পেলে মুহূর্তের মধ্যে তার যুদ্ধজাহাজ এবং সেনাবাহিনীকে মোতায়ন করার ক্ষমতা গড়ে তুলতে হবে।". . .

উৎস: "হেনরি ক্যাবট লজ লিগ অফ নেশনসের সংবিধান" (Henry Cabot Lodge: Constitution of the League of Nations), ক্লাসিক সেনেট বক্তৃতা (Classic Senate Speeches), মার্কিন যুক্তরাষ্ট্র সেনেট

32 এই নথি অনুযায়ী ভার্সাই চুক্তির অনুমোদনের সাথে সম্পর্কিত তর্ক-বিতর্কের ক্ষেত্রে ***কোন*** ঐতিহাসিক প্রেক্ষাপটটি সংযুক্ত ছিল? [1]

________________________________________

________________________________________

Score

## নথি 3

বারংবার আমার নাগরিকরা, যে সকল মায়েরা তাদের সন্তানকে ফ্রান্সে হারিয়ে ফেলেছে তারা আমার সাথে কথা বলেছে, আমার হাতে হাত রেখেছে এবং তাদের দুঃখের অশ্রু ঝরিয়েছেন তাই নয়, এই পাশাপাশি তারা এও বলেছেন "রাষ্ট্রপতি, ঈশ্বর আপনার মঙ্গল করুক!" কেন, আমার প্রিয় নাগরিকদের মঙ্গলের জন্য আবার ঈশ্বরের কাছে প্রার্থনা করতে হবে? আমি মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেসকে এমন পরিস্থিতি গড়ে তুলতে উপদেশ দিয়েছিলাম আর সেই কারণেই তাদের সন্তানদের মৃত্যু ঘটেছে। আমিই তাদের সন্তানদের বিদেশে যাওয়ার নির্দেশ দিয়েছিলাম. . . . তারা বিশ্বাস করে এবং তাদের বিশ্বাস ঠিকই যে তাদের সন্তানরা এই বিশ্বের স্বাধীনতাকে রক্ষা করেছে। তারা বিশ্বাস করে যে সকল সভ্য মানুষের ক্ষমতা যার হাতে রয়েছে [মার্কিন যুক্তরাষ্ট্র] তার উচিৎ বিশ্বব্যাপী স্বাধীনতা বজায় রাখা যাতে স্বাধীনতা সব সময় সংরক্ষিত থাকে। তারা বিশ্বাস করে যে তাদের এই বলিদান এই কারণে দিতে হয়েছে যাতে এই পৃথিবীতে থাকা অন্য সন্তানদের এই একই পরিস্থিতির মধ্যে দিয়ে না যেতে হয়—জীবন উপহার দেওয়া, সকল মৃত ব্যক্তিদের জীবন উপহার দেওয়া . . . .

আপনি হয়তো বলবেন "এই লীগ কী যুদ্ধ না হওয়ার গ্যারান্টি দিতে পারে?" না, মানুষের বিচারবুদ্ধির ত্রুটির বিরুদ্ধে অথবা স্বাচ্ছন্দে মানুষের করা সহিংসতার ঘটনার ক্ষেত্রে কেউই কোনো গ্যারান্টি দিতে পারে না, তবে . . . আমি আপনাদের বলতে চাই: যদি এটি যুদ্ধ না হওয়ার চরম গ্যারান্টি না দিতে পারে, তাহলে কি আপনারা কোনো পদক্ষেপই নিতে চান না? আপনারা কি কিছুই করতে চান না? পুনরায় যুদ্ধ যাতে না হয় তার জন্য কোনো সম্ভাবনাময় পদক্ষেপ কি আপনারা নিতে চান না নাকি আপনারা সম্ভাব্য যুদ্ধের পুনরাবৃত্তি দেখতে চান। আমার প্রিয় নাগরিকবৃন্দ, এই ন্যায়বিচারের ব্যবস্থা করা শুধুমাত্র তাদেরই দায়িত্ব নয়। এই চুক্তি করা হয়েছে কারণ তাদের বিশ্বের শক্তিধর দেশগুলির একত্রিত ক্ষমতার সাহায্যের প্রয়োজন. . . .

উৎস: রাষ্ট্রপতি উড্রো উইলসনের (Woodrow Wilson), পুয়েবলো ভাষণ (The Pueblo Speech), 25 সেপ্টেম্বর, 1919

33 রাষ্ট্রপতি উড্রো উইল্‌সন (Woodrow Wilson)-এর মতামত অনুসারে, সেনেটের ভাষায় সন্ধির অনুমোদন দেওয়া উচিৎ কেন? [1]

________________________________________

________________________________________

Score

**নথি 4**

. . . লিগ অফ নেশনস-এর চুক্তির বিরোধিতা করার জন্য সেনেটের বিরোধীপক্ষের নেতৃত্বে ছিলেন ম্যাসাচুসেটস-এর প্রজাতন্ত্রী দলের হেনরি ক্যাবট লজ (Henry Cabot Lodge), যিনি আর্টিকেল X-এর সরাসরি উল্লেখ করেছিলেন, যেখানে বলা হয়েছে যে সদস্যরা "বহিরাগত আগ্রাসনের বিরুদ্ধে আঞ্চলিক অখণ্ডতা এবং লীগের সকল সদস্যের বিদ্যমান রাজনৈতিক স্বাধীনতার প্রতি সম্মান ও তা সংরক্ষণ করার দায়িত্ব বহন করছেন" এবং "এই কাউন্সিল তার পদ্ধতি অবলম্বন করে প্রাসঙ্গিক পরামর্শ দেবে।" অনেক আমেরিকান মনে করেছিলেন যে এই চুক্তির কারণে মার্কিন যুক্তরাষ্ট্রকে "জোট বাঁধতে" হবেই এবং অন্য রাষ্ট্র হয়তো তাদের বৈদেশিক নীতির ওপর প্রভাব ফেলবে এবং এই দেশকে আগ্রাসী রাষ্ট্রের বিরুদ্ধে পদক্ষেপে অংশ নিতে বাধ্য করবে।


দেশের বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার জন্য কোনো আবেদন করতে হলে সিনেটের দুই-তৃতীয়াংশের ভোটের প্রয়োজন হবে, এটি নির্ধারণ করার জন্য রাষ্ট্রপতি উইল্সন (Wilson) ট্রেনে করে 8,000 মাইল ভ্রমণ করেন এবং বাইশ দিনে চল্লিশ বার এই নিয়ে অন্যদের সাথে কথা বলেন। তিনি অসুস্থ হয়ে পড়েন এবং বাধ্য হয়ে তাকে তার এই আপিল ছেড়ে দিতে হয়। এই চুক্তিটি পাশ করানোর জন্য পর্যাপ্ত ভোট সংগ্রহ করতে উইল্সন (Wilson) কখনোই সফল হতে পারেননি কারণ এই প্রস্তাবটি মূলত তার ব্যক্তিগত ছিল। তবুও এই প্রকৃত প্রস্তাবটির কার্যকারিতার প্রতি তার বিশ্বাস এতটাই ছিল যে তিনি তার প্রভাব খাটিয়ে তার সমর্থকদের এই সকল বিষয়ে সম্মতি জোগাড় করে নিতেন, যেগুলি এটিকে পুনরায় প্রস্তাব করার জন্য রাস্তা গড়ে তুলতে পারতো. . . .

উৎস: লিওনার্ড এফ. জেমস, *আমেরিকান পররাষ্ট্রনীতি* (American Foreign Policy), স্কট, ফোরসম্যান অ্যান্ড কোম্পানি, 1967

34 লিওনার্ড এফ. জেমস (Leonard F. James)-এর মতামত অনুসারে সেনেটর হেনরি ক্যাবট লজ (Henry Cabot Lodge), সম্ভাব্য কোন ***একটি*** কারণের জন্য লিগ অফ নেশনস-এর বিরোধিতা করেছিলেন? [1]

Score

**নথি 5a**



ট্রিবিউনের সকল মার্চেন্ডাইজ বিজ্ঞাপন নিঃসন্দেহে সঠিক

# নিউ ইয়র্ক ট্রিবিউন

*প্রথম থেকে শেষ পর্যন্ত সব সত্য: সংবাদ-সম্পাদকীয়-বিজ্ঞাপন*

আবহাওয়া
আজকে তুষারপাত বা বৃষ্টি: পরিস্থিতি সম্ভবত ভালো থাকবে, অল্প গরম পড়বে; হাওয়ার পরিমাণ বৃদ্ধি পাবে।
শরতের রিপোর্ট মুখ্য পৃষ্ঠায় রয়েছে

সংস্করণ. LXXIX নং. 26,788 [Copyright, 1920, New York Tribune Inc.] শনিবার। 20 মার্চ, 1920 * * * দুটি সেন্ট { গ্রেটার নিউ ইয়র্ক ও এটির চারিপাশের অঞ্চল | তিন সেন্ট আর কোথায়

## সেনেটে চুক্তির বিনাশ ঘটেছে, এটি উইলসন (Wilson)-এর কাছে ফেরত পাঠানো হয়েছে; ভোট পড়েছে 49 থেকে 35; 24 জন ডেমোক্র্যাট বিরোধিতা করেছেন

উৎস: *নিউ ইয়র্ক ট্রিবিউন* (New York Tribune), 20 মার্চ, 1920

**নথি 5b**

**ব্রিজের মধ্যে ফাঁক**




উৎস: লিওনার্ড রেভেন-হিলের, *পাঞ্চ* (Punch) (অভিযোজিত)

35 এইসকল নথি অনুযায়ী, ভার্সাই চুক্তি অনুমোদন করানোর প্রচেষ্টার ফলে ***কোন*** প্রভাবটি দেখা দিয়েছিল? [1]

Score

**নথি 6**

> . . . সর্বশেষে উইলসন (Wilson) খুবই ব্যর্থ হন কারণ ওই দেশের জনগণ কখনোই তাদের দেশের বিচ্ছিন্নতাবাদী চিন্তাধারা বাস্তবে বর্জন করেনি [বরং তারা তা পছন্দ করত], বিশেষত এই অনুমান যে অসহায় হয়ে পড়া মার্কিন যুক্তরাষ্ট্রও তার নিজের জাতীয় সুরক্ষা বজায় রাখতে পারবে। এই যুদ্ধ চলাকালীন, এই সকল বিশ্বাস ধামাচাপা পড়ে যায়। এটি খুবই বিস্ময়কর যে বারবার বিচ্ছিন্ন হয়ে যাওয়ার ঘটনা ঘটা সত্ত্বেও, উইলসন (Wilson)-এর বিপর্যয় ঘটা সত্ত্বেও, দলের বিভিন্ন পক্ষের মধ্যে দ্বন্দ্ব এবং জাতিগোষ্ঠী সংক্রান্ত শত্রুতা থাকা সত্ত্বেও, 19 নভেম্বর সেনেটরদের 85 শতাংশ বিভিন্নভাবে এই লীগের পক্ষে সম্মতি জানিয়েছিলেন। এমনকি যদি এই দেশ এই লীগের সাথে যুক্ত হতো, সেক্ষেত্রেও এই বিষয়ে দ্বিধা থেকেই যেত যে আমেরিকানরা তাদের সম্পূর্ণ বাধ্যবাধকতা গ্রহণ করত কিনা। মার্কিন যুক্তরাষ্ট্র এই ধরনের কাজ [কর্মকাণ্ড] করে তার নিজের সুরক্ষার ওপর কোনো বিপদ আনতে প্রস্তুত ছিল না, যেটি পরে কোরিয়া অধিগ্রহণ করে নিত। বিচ্ছিন্নতা বা সম্পূর্ণ জাতীয় সার্বভৌমত্ব ত্যাগ করার জন্য এই দেশের কাছে পর্যাপ্ত অনুপ্রেরণা ছিল না। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় হওয়া হিরোশিমার ঘটনার সংশোধনমূলক পদক্ষেপ এই দেশকে নিতেই হতো এবং ঠাণ্ডা লড়াই সেই সুযোগ এনে দেয়। . . .

উৎস: উইলিয়াম ই. লুচেনবার্গের (William E. Leuchtenburg) *সমৃদ্ধির বিপদ: 1914–1932* (The Perils of Prosperity: 1914–1932), ইউনিভার্সিটি অফ শিকাগো প্রেস, 1993

36 উইলিয়াম এ. লিউচেনবার্গ (William E. Leuchtenburg)-এর মতামত অনুসারে রাষ্ট্রপতি উড্রো উইল্‌সন (Woodrow Wilson) কোন ***একটি*** কারণের জন্য ভার্সাই সন্ধির স্বপক্ষে সমর্থন গড়ে তুলতে পারেননি? [1]

Score

**অংশ B**

**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা ধরনের প্রশ্ন (37)**

*নির্দেশনা:* একটি ভালভাবে সংগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার রয়েছে। রচনাটিতে অন্তত ***চারটি*** নথি থেকে প্রমাণ ব্যবহার করুন। প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে আপনার প্রতিক্রিয়া সমর্থন করুন। অতিরিক্ত বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করুন।

**ঐতিহাসিক প্রসঙ্গ: ভার্সাই চুক্তির অনুমোদনের বিষয়ে তর্ক-বিতর্ক**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনদের মধ্যে বিতর্ক তৈরি হয়েছে। মৌলিক কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের দ্বারা সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এর মধ্যে অন্যতম সাংবিধানিক এবং নাগরিক বিষয় হলো *ভার্সাই চুক্তির অনুমোদনের বিষয়ে তর্ক-বিতর্ক*

**কাজ:** নথি থেকে তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, একটি রচনা লিখুন যাতে আপনি

- উক্ত সাংবিধানিক ও নাগরিক অধিকারকে কেন্দ্র করে তৈরি হওয়া দাবির ঐতিহাসিক প্রেক্ষাপট বিবৃত করুন।
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**নির্দেশিকা:**

**আপনার রচনায় অবশ্যই**

- কাজটির সকল দিক বিকাশ করবেন
- এই বিষয়ের মোকাবিলা করার জন্য *অন্তত* ***দুটি*** প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- *অন্তত* ***চারটি*** নথি থেকে তথ্য অন্তর্ভুক্ত করুন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে মূলভাবটি সমর্থন করুন
- সংগঠিত করার জন্য একটি যুক্তিসম্মত এবং স্পষ্ট পরিকল্পনা ব্যবহার করুন, একটি ভূমিকা এবং একটি উপসংহার সহ যা মূলভাব পুনঃব্যক্ত করাকে ছাড়িয়ে যায়

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION

পুনর্ব্যবহৃত কাগজে মুদ্রিত হয়েছে

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION